**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date: 06-08-2025** **Desk in Charge : SDG**
**Time: 7-50 PM** **Compiling : Sudip B**
**DEO : KB** **NR : Sudip B**

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ

বিশেষ বিশেষ খবরঃ-

১/ ভোটার তালিকায় ভুয়ো নাম তোলার অভিযোগে ভারতের নির্বাচন কমিশন, রাজ্যের চার সরকারি আধিকারিককে সাসপেন্ড করার জন্য রাজ্য সরকারকে নির্দেশ দিলেও, তিনি সেই কথা শুনবেন না বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী জানিয়েছেন।

# স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ-র সঙ্গে নির্বাচন কমিশনের আঁতাত রয়েছে বলে মুখ্যমন্ত্রী যে অভিযোগ করেছেন, বিজেপি তার নিন্দা করেছে।

২/ কোচবিহারের খাগড়াবাড়িতে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর কনভয়ে হামলার পর বারাসাতে ফের তাঁর মিছিলে হামলার অভিযোগ উঠেছে শাসক দলের বিরুদ্ধে।

৩/ রাজ্য সরকারি কর্মচারীদের বকেয়া মহার্ঘ্যভাতা নিয়ে আজ ফের শীর্ষ আদালতে শুনানি হয়েছে।

৪/ DVC-র অব্যবস্থা এবং বাংলা বিরোধী নীতির কারণেই রাজ্যে বন্যা পরিস্থিতি ভয়ানক আকার নিয়েছে বলে রাজ্যের মুখ্যমন্ত্রীর অভিযোগ, কেন্দ্রীয় সরকার খারিজ করে দিয়েছে।

৫/ ডুরান্ড কাপ ফুটবলে ইস্টবেঙ্গল আজ গ্রুপ-এ লিগ ম্যাচে পাঞ্জাবের নামধারী FC-র মুখোমুখি হয়েছে।

**********************************************************************

ভোটার তালিকায় ভুয়ো ভোটারের নাম তোলার অভিযোগে ভারতের নির্বাচন কমিশন, রাজ্যের চার সরকারি আধিকারিককে সাসপেন্ড করার জন্য রাজ্য সরকারকে নির্দেশ দিলেও তিনি সেই কথা শুনবেন না বলে, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী জানিয়েছেন। জেলা সফরে বেরিয়ে আজ ঝাড়গ্রামে মুখ্যমন্ত্রী, বিভিন্ন রাজ্যে বাংলাভাষীদের ওপর হেনস্তার অভিযোগ তুলে মিছিল করেন। পরে এক সভায় মুখ্যমন্ত্রী অভিযোগ করেন, রাজ্যে সরকারী কর্মীদের ভয় দেখানো হচ্ছে। নির্বাচন কমিশন কেন্দ্রের নির্দেশ মতো কাজ করছে। ভোটে জেতার লক্ষ্যে ভোটার তালিকা থেকে নাম বাদ দেওয়ার জন্যই SIR করা হচ্ছে বলেও অভিযোগ করেন তিনি।

অন্য রাজ্য থেকে এরাজ্যের বাসিন্দাদের এন আর সি নোটিশ পাঠানো যায় না বলেও মুখ্যমন্ত্রী জানিয়েছেন।

(বাইট-মমতা)

এদিকে রাজ্যের আধিকারিকদের বিরুদ্ধে নির্বাচন কমিশনের শাস্তিমূলক ব্যবস্থা নেওয়ার ক্ষমতাকে মুখ্যমন্ত্রী চ্যালেঞ্জ করলেও কমিশন সূত্রে জানানো হয়েছে, সংবিধানের ৩২৪ ধারা অনুযায়ী ভোটার তালিকা প্রস্তুত করা ও নির্বাচন সংগঠিত করার যাবতীয় অধিকার নির্বাচন কমিশনের আছে। এই কাজে যুক্ত আধিকারিকদের পরিচালনা করা ও তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার অধিকারও কমিশনের আছে।

*******************

ভোটার তালিকায় অবৈধভাবে নাম যুক্ত করার অভিযোগে নির্বাচন কমিশন দুজন ডব্লুবিসিএস আধিকারিককে সাসপেন্ড করার জন্য রাজ্য সরকারকে চিঠি দেওয়ায় রাজ্যের ডব্লুবিসিএস আধিকারিকদের সংগঠন গভীর উদ্বেগ প্রকাশ করেছে। ডব্লুবিসিএস এক্সিকিউটিভ অফিসার্স অ্যাসোসিয়েশনের তরফে আজ মুখ্যসচিব মনোজ পন্থ কে লেখা এক চিঠিতে সংশ্লিষ্ট আধিকারিকরা কোন অসৎ উদ্দেশ্য নিয়ে এই কাজ করেননি এবং তারা কঠিন পরিস্থিতিতেও নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালন করেছেন বলে উল্লেখ করা হয়েছে। কমিশনের এই সিদ্ধান্ত অত্যন্ত কঠোর এবং নির্বাচনের কাজে যুক্ত কর্মকর্তাদের মনোবলে আঘাত হানতে পারে বলেঅ চিঠিতে জানানো হয়েছে। এই বিষয়ে নির্বাচন কমিশনের সঙ্গে আলোচনা করে আধিকারিকদের বিরুদ্ধে নেওয়া পদক্ষেপ পুনর্বিবেচনা করারও

আর্জি জানানো হয়েছে। এই বিষয়ে সংগঠনের তরফে কমিশনকেও চিঠি দেওয়া হয়েছে।

*******************

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের সঙ্গে নির্বাচন কমিশনের আঁতাত হয়েছে বলে মুখ্যমন্ত্রী যে অভিযোগ করেছেন, বিজেপি তার নিন্দা করেছে। দিল্লিতে আজ সাংবাদিকদের প্রশ্নের উত্তরে দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য জানিয়েছেন, মুখ্যমন্ত্রী রাজ্য নির্বাচন কমিশনকে যেভাবে পরিচালনা করেন, দিল্লিতেও নির্বাচন কমিশন সেইভাবে পরিচালিত হচ্ছে বলে মনে করেন। পশ্চিমবঙ্গে ভোটার তালিকায় গরমিল রয়েছে। তাই তালিকা সংশোধন শুরুর আগেই শাসকদল ভয় পাচ্ছে বলেও উল্লে’খ করেন তিনি।

*******************

কোচবিহারের খাগড়াবাড়িতে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর কনভয়ে হামলার পর উত্তর ২৪ পরগনার বারাসাতে ফের তাঁর মিছিলে হামলার অভিযোগ উঠেছে শাসক দলের বিরুদ্ধে। আজ বারাসাতের ন’পাড়া কালীবাড়ি থেকে ‘কন্যা সুরক্ষা যাত্রা’য় অংশ নেন শুভেন্দুবাবু। চাঁপাডালি মোড়ে মিছিল পৌঁছলে, তৃণমূল কংগ্রেসের কর্মী সমর্থকরা শুভেন্দু অধিকারীকে লক্ষ্য করে কালো পতাকা দেখাতে থাকেন। কটূক্তির পাশাপাশি মিছিল লক্ষ্য করে ঢিল ছোঁড়া হয়। বিজেপি কর্মীরাও এর পাল্টা জবাব দিলে ব্যাপক উত্তেজনা ছড়ায়। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে রীতিমতো বেগ পেতে হয় পুলিশকে।
তৃণমূল কংগ্রেস ভয় পেয়ে এই ধরণের ঘটনা বার বার ঘটাচ্ছে বলে অভিযোগ করেছেন শুভেন্দু অধিকারী।

( বাইট- শুভেন্দু )

*******************

বিজেপি রাজ্যের বিরোধী দলনেতাকে আক্রমনের ঘটনায় সংসদে মূলতবি প্রস্তাব এনে আলোচনার দাবি জানিয়েছে। রাজ্য বিজেপি সভাপতি তথা সাংসদ শমীক ভট্টাচার্য এই বিষয়ে আলোচনা চেয়ে রাজ্যসভায় নোটিশ দিয়েছেন। সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি বলেন, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি এক সময় সংসদে দাঁড়িয়ে CPIM-এর বিরুদ্ধে আন্দোলন

করতে না দেওয়া এবং হত্যার চক্রান্তের অভিযোগ করেছিলেন। অথচ বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর উপর কোচবিহারে আক্রমণ করে তাকে হত্যার চক্রান্ত হয়েছে।

( বাইট- শমীক )

রাজ্য বিধানসভার বিরোধী দলনেতার উপর হামলা পূর্ব পরিকল্পিত বলে উল্লেখ করে এর তীব্র নিন্দা করেছেন আইএসএফ বিধায়ক নওশাদ সিদ্দিকী। নওশাদ সাংবাদিকদের বলেন, রাজ্যে এই ধরনের হিংসাত্মক রাজনীতি মেনে নেওয়া যায় না। বাংলায় এই অপসংস্কৃতি বন্ধ হওয়া উচিৎ।

********************

কোচবিহারের খাগড়াবাড়িতে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর কনভয়ে হামলার ঘটনায় পুলিশ এখনো পর্যন্ত সাত জনকে গ্রেপ্তার করেছে। ধৃতরা সকলেই তৃণমূল কংগ্রেস কর্মী বলে জানা গেছে। এদিকে, এই ঘটনায় রাজ্যের মন্ত্রী উদয়ন গুহ সহ ৪১ জনের নামে অভিযোগ দায়ের করেছেন শ্রী অধিকারী।

********************

কোচবিহারে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর কনভয়ে হামলার প্রতিবাদে দক্ষিণ দিনাজপুরের গঙ্গারামপুরে আজ বিজেপির পক্ষ থেকে মিছিল ও পথ অবরোধ কর্মসূচি গ্রহণ করা হয়। ওই কর্মসূচিকে কেন্দ্র করে বিজেপি কর্মী-সমর্থক ও পুলিশের মধ্যে উত্তেজনার সৃষ্টি হয়।

দার্জিলিঙের শিলিগুড়ি সংলগ্ন ফুলবাড়ি ব্যাটেলিয়ন মোড়ে আজ বিজেপির পক্ষ থেকে টায়ার জ্বালিয়ে পথ অবরোধ করে বিক্ষোভ দেখানো হয়। বিক্ষোভে অংশ নেন ডাবগ্রাম-ফুলবাড়ির বিধায়িকা শিখা চ্যাটার্জি সহ বিজেপির অন্যান্য নেতারা। এই ঘটনার সঙ্গে যুক্ত দোষীদের অবিলম্বে গ্রেফতারের দাবির সঙ্গে উত্তরবঙ্গ উন্নয়ন মন্ত্রী উদয়ন গুহরও গ্রেফতারের দাবি করা হয়।

********************

রাজ্য সরকারি কর্মচারীদের বকেয়া মহার্ঘ্যভাতা নিয়ে আজ ফের শীর্ষ আদালতে শুনানি হয়। দুই বিচারপতি সঞ্জয় কারল এবং প্রশান্ত কুমার মিশ্রের বেঞ্চে আজ কর্মচারী পক্ষের বিভিন্ন সংগঠনের আইনজীবিরা নিজেদের বক্তব্য পেশ করছেন। তাঁরা জানিয়েছেন,

মহার্ঘ্যভাতা, কর্মচারীদের আইনসঙ্গত অধিকার। আইনজীবি গোপাল সুব্রমনিয়মের যুক্তি, ২০০৯-এর রোপা রুল অনুযায়ী, ২০০৬-এর পয়লা জানুয়ারী থেকে রাজ্যের কর্মীরা কেন্দ্রীয় সরকারি কর্মচারীদের মতোই DA পাওয়ার কথা।

*******************

DVC-র অব্যবস্থা এবং বাংলা বিরোধী নীতির কারণেই রাজ্যে বন্যা পরিস্থিতি ভয়ানক আকার নিয়েছে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর করা অভিযোগ, কেন্দ্রীয় সরকার খারিজ করে দিয়েছে। কেন্দ্রীয় জলশক্তি মন্ত্রী CR পাটিল সামাজিক মাধ্যমে জানিয়েছেন, মাইথন এবং পাঞ্চেত জলাধার থেকে জল ছাড়ার সিদ্ধান্ত নেয় একটি কমিটি, যার সদস্য পশ্চিমবঙ্গ সরকার'ও। চলতি বছরের মে' থেকে জুলাই-এর মধ্যে দামোদর অববাহিকায় ৮১৫ মিলিমিটার বৃষ্টিপাত হয়েছে, যা আগের বছরগুলির তুলনায় অনেকটাই বেশী। শ্রী পাটিল বলেন, এবছর জুন-জুলাই মাসে জলাধারগুলিতে ২০২৪-এর তুলনায় ১৬ গুণ বেশী জল প্রবেশ করেছে। এসত্বেও জল নিয়ন্ত্রণ সংক্রান্ত কমিটি বৈজ্ঞানিক পদ্ধতি অনুসরণ করায়, সর্বাধিক ৭০ হাজার কিউসেক পর্যন্ত জল ছাড়া হয়েছে। এর ফলে নিম্ন অববাহিকায় বন্যার বিপদ অনেকটাই কমানো গেছে বলে কেন্দ্রীয় মন্ত্রী জানান।

উল্লেখ্য, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর অভিযোগ ছিল, যে চলতি বছরে DVC-র জল ছাড়ার পরিমাণ গত বছরের তুলনায় ১১-গুণ বেড়েছে। এই পরিমাণ, ২০২৩-এর তুলনায় ৩০ গুণ বেশী। এতো বিপুল জল ছাড়ার ফলে রাজ্যে বর্ষায় এপর্যন্ত ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে বলেও অভিযোগ করেন মুখ্যমন্ত্রী।

*******************

সক্রিয় মৌসুমী অক্ষরেখা এবং ঘূর্ণাবর্তের কারণে রাজ্যের বেশ কিছু জেলায় বিক্ষিপ্তভাবে ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে। উত্তরবঙ্গের প্রায় সব জেলাতেই আজ ভারী বৃষ্টির সম্ভাবনা। আগামীকাল দার্জিলিং জলপাইগুড়ি কালিম্পং এবং আলিপুরদুয়ার জেলায় বৃষ্টির পরিমাণ বাড়বে। এদিকে, বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বেশি থাকায় উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা এবং নদীয়া জেলায় আজ বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

অন্যদিকে, চলতি বর্ষার মরশুমে জুন মাস থেকে আজ পর্যন্ত রাজ্যে সব থেকে বেশি রেকর্ড পরিমাণ ১ হাজার ৮৯ মিলিমিটারের বেশি বৃষ্টি হয়েছে বাঁকুড়া জেলায়। এছাড়াও কলকাতা সহ সাতটি জেলায় স্বাভাবিকের থেকে বেশি বৃষ্টিপাত রেকর্ড করা হয়েছে।

তবে উত্তরবঙ্গের দার্জিলিং জলপাইগুড়ি আলিপুরদুয়ার কোচবিহার ও উত্তর দিনাজপুর জেলায় স্বাভাবিকের থেকে কম বৃষ্টি হয়েছে।

*******************

চলতি খরিফ মরশুমে রাজ্যের কৃষকদের কাছ থেকে নূন্যতম সহায়ক মূল্যে এপর্যন্ত ৫৬ লক্ষ টনের বেশী ধান কেনা হয়েছে। এই পরিমাণ, গত বছরের তুলনায় দ্বিগুণ বলে জানিয়েছেন সমবায়, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের মন্ত্রী প্রদীপ মজুমদার। তিনি বলেন, সমবায় সমিতিগুলির সহায়তায় সরকার কৃষকদের কাছ থেকে এখন সরাসরি ধান কিনছে। মাত্র ৭২ ঘন্টার মধ্যেই কৃষকদের অ্যাকাউন্টে টাকা পৌঁছে যাচ্ছে। এছাড়াও, স্বনির্ভর গোষ্ঠীগুলির সাহায্যে প্রান্তিক কৃষক এমনকি মহিলারাও এই প্রক্রিয়ায় অংশ নিতে পারছেন বলে প্রদীপবাবু জানিয়েছেন।

*******************

RG KAR কান্ডে নির্যাতিতা তরুণী চিকিৎসকের বাবা-মা, আজ দিল্লি গেছেন।
কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ এবং CBI-এর অধিকর্তা প্রবীন সুদ-এর সঙ্গেও তাঁরা সাক্ষাৎ করবেন। আজ বিমান বন্দরে সাংবাদিকদের কাছে অভয়ার বাবা বলেন, এই মামলায় CBI যাতে দ্রুত বৃহত্তর ষড়যন্ত্রে জড়িতদের বিরুদ্ধে অতিরিক্ত চার্জশিট জমা দেয়, তার অনুরোধ জানাবেন, CBI-এর অধিকর্তার কাছে।
নবান্ন অভিযান বন্ধ করতে প্রশাসনের তরফে চাপ সৃষ্টি করার'ও অভিযোগ তুলেছেন তিনি। ৯'তারিখ সকালে তাঁরা কলকাতায় ফিরে নবান্ন অভিযানে অংশ নেবেন বলে জানা গেছে।

*******************

বিজ্ঞান ও শিক্ষা ক্ষেত্রে নারীদের গুরুত্বপূর্ণ অবদানকে স্বীকৃতী দিতে 'জুলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়া' ZSI আজ কলকাতায় একটি অনুষ্ঠানের আয়োজন করে। 'এক্সট্রা অর্ডিনারি

উইংস অফ উইসডম’- শীর্ষক এই অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন CSIR-এর মহানির্দেশক ডক্টর এন কালাইসেলভি। নারীদের উদ্ভাবনী শক্তিকে স্বীকৃতি দেওয়ার প্রয়োজনীয়তার কথা তুলে ধরেন তিনি। ‘জুলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়া’-র অধিকর্তা ধৃতি ব্যানার্জী জানিয়েছেন, বিজ্ঞান ও শিক্ষা ক্ষেত্রে নারীদের কাজের স্বীকৃতি, এই অনুষ্ঠান। এদিন চারজন মেধাবী ছাত্রীকে ‘উইমেন ইন জুলজি অ্যাওয়ার্ড-২০২৫’ প্রদান করা হয়।

*******************

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে স্বাধীনতা আন্দোলনের বিশিষ্ট নেতা সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের ১০১-তম প্রয়াণ দিবস উপলক্ষ্যে তাঁর প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করা হচ্ছে। এই উপলক্ষ্যে আজ কলকাতা পুরসভার পক্ষে কার্জন পার্কে সুরেন্দ্রনাথের মূর্তিতে পুষ্পার্ঘ্য নিবেদন করে শ্রদ্ধা জানানো হয়।

*******************

ডুরান্ড কাপ ফুটবলে ইস্টবেঙ্গল, আজ  গ্রুপ এ লিগ ম্যাচে পাঞ্জাবের নামধারী FC-র মুখোমুখি হইয়েছে। শেষ খবর পাওয়া পর্যন্ত খেলা গোলশূণ্য রয়েছে।

************************************************************